ইরানে হামলার জবাব দেবে হুথিরা, যুক্তরাষ্ট্রকে কড়া হুঁশিয়ারি



সংগৃহীত ছবি

ইরানের পারমাণবিক স্থাপনা গুলো লক্ষ্য করে হামলার প্রতিক্রিয়াবজানিয়েছে ইয়েমেনের হুথি গোষ্ঠীর রাজনৈতিক ব্যুরোর সদস্য হেজাম আল-আসাদ। তাদের এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, "ওয়াশিংটনকে এর পরিণতি ভোগ করতেই হবে।"

বিবৃতিতে আরও বলেন, যুক্তরাষ্ট্রের সামরিক পদক্ষেপের জবাব দিতে হুথিরা প্রস্তুত রয়েছে।

গতকাল শনিবার (২১ জুন) রাতে ইরানের ফোর্ডো, ইসফাহানসহ তিনটি পারমাণবিক স্থাপনায় হামলা চালায় যুক্তরাষ্ট্র। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প স্থানীয় সময় শনিবার (২১ জুন) ট্রুথ স্যোশাল প্লাটফর্মে এক পোস্টে এ তথ্য নিশ্চিত করে পরবর্তীতে কঠোর হামলার হুশিয়ারী দিয়েছেন।

ট্রাম্প ট্রুথ স্যোশালের পোস্টে লিখেছেন, 'আমরা ফোর্ডো, নাতানজ ও ইসফাহানসহ ইরানের তিনটি পারমাণবিক স্থাপনায় আমাদের অত্যন্ত সফল হামলা সম্পন্ন করেছি। সব বিমান এখন ইরানের আকাশসীমার বাইরে রয়েছে।'

ট্রাম্প বলেন, 'প্রাথমিক লক্ষ্যস্থলে বোমার পূর্ণ পেলোড ফেলা হয়েছে, ফোর্ডোর জন্য সব বিমান প্রস্তুত। এটি আমাদের মহান আমেরিকানদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়।'

LENS ASIA